# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/মাদারীপুর-৬৫/ ৯৪ তারিখ: ১৮ চৈত্র, ১৪৩২ / ০১ এপ্রিল, ২০২৬

বিষয় : আল-বায়তুল মামুর ফাজিল মাদ্রাসার প্রতিষ্ঠাতা বিষয়ে স্পষ্টীকরণ প্রসঙ্গে

সূত্র : ১। বোর্ডে ই-ফাইলে নং ৩৩৩২৫১১০৮৭৫১ আইডির আবেদন;
২। স্মারক নং বামাশিবো/প্রশা/ মাদারীপুর-৬৫/১৭৯ তারিখ: ২৪.১১.২০২৫খ্রি.;

মাদারীপুর জেলার শিবচর উপজেলাধীন আল-বায়তুল মামুর ফাজিল মাদ্রাসার গভার্ণিং বডিতে "প্রতিষ্ঠাতা সদস্য পদটি শূন্য" মর্মে বোর্ড থেকে প্রত্যয়নপত্র দেওয়ার জন্য মাদ্রাসার অধ্যক্ষ জনাব আ: মুক্তাদির কর্তৃক আবেদন দাখিল করা হয়েছে। অভিযোগের প্রেক্ষিতে প্রতিষ্ঠাতা সংক্রান্ত অধিকতর সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে মাদ্রাসাটি প্রতিষ্ঠাকালীন প্রতিষ্ঠাতা বিষয়ে দলিল, রেজুলেশন ও প্রতিস্থা ও প্রতিষ্ঠাতা সংক্রান্ত যাবতীয় কাগজপত্র এবং প্রতিষ্ঠাতা দাবিদার জনাব মাও. আ: মালেক এর স্বপক্ষে প্রতিষ্ঠাতা হিসাবে লিখিত বক্তব্য ও সমর্থনীয় যাবতীয় প্রমাণকসহ প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের জন্য স্মারক নং বামাশিবো/প্রশা/মাদারীপুর-৬৫/১৪৫ তারিখ: ১৬.১০.২০২৫খ্রি. স্মারকে পত্র দেওয়া হয়। পত্রের আলোকে মাদ্রাসা অধ্যক্ষ এবং প্রতিষ্ঠাতা দাবিদার জনাব মাও. আ: মালেক কর্তৃক স্ব স্ব পক্ষে লিখিত বক্তব্যসহ কাগজপত্র জমা দেওয়া হয়েছে।

প্রতিষ্ঠাতা দাবিদার জনাব মাও. আ: মালেক তার লিখিত বক্তব্যে উল্লেখ করেন ১৯৮৫ সালে তৎকালীন টিএনও এর সাথে আলোচনা করে ভিপি সম্পত্তির উপর মাদ্রাসাটি প্রতিষ্ঠা করি এবং ঐ বছরের মধ্যেই স্বীকৃতি ও এমপিওভুক্ত করিতে সক্ষম হই। পরবর্তীতে ১৯৮৭ সালে টিএনও জনাব আ: মতিন এর মতামতের ভিত্তিতে ১৫০০০/- টাকা ফি জমা দিয়ে প্রতিষ্ঠাতা সদস্য হই এবং সে অনুযায়ী ১৯৯০ সাল থেকে প্রতিষ্ঠাতা সদস্যসহ বোর্ড কমিটি অনুমোদন করে। সেই ধারাবাহিকতায় ১৯৯৩, ১৯৯৬ ও ১৯৯৯ সালের কমিটির কাগজপত্রে আমি প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে আছি। মাদ্রাসার অধ্যক্ষ তার লিখিত বক্তব্যে উল্লেখ করেন মাদ্রাসাটি ০১.০১.১৯৮৫ইং সালে তৎকালীন থানা নির্বাহী কর্মকর্তা জনাব এন.এম.বি হায়দার মহোদয়ের ঐকান্তিক প্রচেষ্টায় একটি ভিপি সম্পত্তির উপর প্রতিষ্ঠিত হয়। মাদ্রাসাটি প্রতিষ্ঠার যাবতীয় ব্যয় শিবচর উপজেলা সদরের বাজার ডাকের অর্থায়নে সংস্থান হয়। তৎকালীন থানা নির্বাহী কর্মকর্তা জনাব এন.এম.বি হায়দার এর মহতি উদ্যোগকে স্বাগত জানিয়ে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ কর্তৃক তাঁকে প্রতিষ্ঠাতা নির্বাচন করে সেই মোতাবেক ম্যানেজিং কমিটি গঠনের প্রস্তাব বোর্ডে প্রেরণ করেন এবং বোর্ড কর্তৃক ম্যানেজিং কমিটি অনুমোদন কর হয়। অর্থাৎ ১ম ম্যানেজিং কমিটিতে প্রতিষ্ঠাতা সদস্য ছিলেন তৎকালীন থানা নির্বাহী কর্মকর্তা জনাব এন.এম.বি হায়দার। উক্ত কমিটিতে অভিভাবক সদস্য ছিলেন সাবেক অধ্যক্ষ জনাব আ: মালেক। মাদ্রাসায় প্রতিষ্ঠাকালীন সময়ে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কোন অর্থ বা জমি দান করেছেন এমন কোন প্রমাণ প্রতিষ্ঠানের রেজুলেশন বহি, ক্যাশ বহি বা দলিল পত্রাদিতে নেই।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা প্রশাসন শাখায় রক্ষিত নথি যাচাইয়ান্তে দেখা যায় ২০.০২.১৯৮৫ খ্রি. তারিখে জেলা শিক্ষা অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত পরিদর্শন স্টেটমেন্ট ফরমে কার্যকরি কমিটির তালিকায় দেখা যায় প্রতিষ্ঠাতা সদস্য ক্যাটাগরিতে সভাপতি হিসাবে জনাব এন এম বি হায়দার উপজেলা নির্বাহী অফিসার এর নাম রয়েছে এবং উক্ত কমিটি তালিকায় প্রতিষ্ঠাতা দাবিদার জনাব মাওলানা আ: মালেক এর নাম অভিভাবক সদস্য ক্যাটাগরিতে রয়েছে। ১৯.০৪.১৯৯০ সালে উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর কর্তৃক প্রতিস্বাক্ষরিত নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের বিস্তারিত তথ্য বিবরনীতে দেখা যায় প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে জনাব মাওলানা আ: মালেক এর নাম রয়েছে। তবে উক্ত তথ্য বিবরনী ও উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর এর স্বাক্ষরিত কপিতে প্রতিষ্ঠাতা সদস্যের তথ্যাদি ফরমে প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে জনাব মাওলানা আ: মালেক দানের পরিমান ১৫০০০/- ও দানের তারিখ রয়েছে ২৮.০২.১৯৮৯ইং। ১৯৯০ সালে গঠিত ম্যানেজিং কমিটির ধারাবাহিকতায় ১৯৯৩, ১৯৯৬ ও ১৯৯৯ সালের কমিটিতে প্রতিষ্ঠাতা হিসাবে জনাব মাওলানা আ: মালেক এর নাম রয়েছে। পরবর্তীতে কমিটিতে জনাব মাওলানা আ: মালেক এর নাম অধ্যক্ষ হিসাবে রয়েছে।

অপরদিকে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা পরিদর্শন শাখায় রক্ষিত নথি যাচাইয়ান্তে দেখা যায় একটি পরিদর্শন বিবৃতি ফরমে মাদ্রাসাটি স্থাপনের তারিখ ০১.০১.১৯৮৩ইং রয়েছে। উক্ত ফরমে শিক্ষক মন্ডলীর তালিকায় জনাব মাওলানা আ: মালেক এর নাম রয়েছে। ২০.০৭.১৯৯৪ইং তারিখের আরেকটি পরিদর্শন বিবৃতি ফরমে মাদ্রাসাটি স্থাপনের তারিখও ০১.০১.১৯৮৩ইং লেখা রয়েছে। প্রতিষ্ঠাতা দাবিদার জনাব মাওলানা আ: মালেক এর দাবী মাদ্রাসাটি ১৯৮৫ সালে প্রতিষ্ঠা হয়েছে এবং তিনি ১৯৮৭ সালে ১৫০০০/- টাকা দান করে প্রতিষ্ঠাতা হয়েছেন। প্রকৃতপক্ষে মাদ্রাসাটি ১৯৮৩ সালে প্রতিষ্ঠিত হয়েছে এবং তিনি ২৮.০২.১৯৮৯ইং তারিখে ১৫০০০/- টাকা দান করেছেন। বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠাতা দাবিদার জনাব মাওলানা আ: মালেক এর দাবি অনুযায়ী ১৯৮৩ সালে প্রতিষ্ঠিত মাদ্রাসায় ১৯৮৯ সালে দান করে প্রতিষ্ঠাতা হওয়ার কোন সুযোগ নাই তবে তিনি আজীবন দাতা সদস্য হতে পারেন।

এমতাবস্থায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (দাখিল ও আলিম স্তরের বেসরকারি মাদ্রাসার গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৫ এর ২(১৪) অনুযায়ী প্রতিষ্ঠাতা দাবিদার জনাব মাওলানা আ: মালেক উক্ত মাদ্রাসার প্রতিষ্ঠাতা নয় মর্মে প্রতীয়মান হয়।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০১.৪.২৬

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

০১.০৪.২৬

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ
আল-বায়তুল মামুর ফাজিল মাদ্রাসা, শিবচর, মাদারীপুর।

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/মাদারীপুর-৬৫/৭৪ তারিখ: ১৮ চৈত্র, ১৪৩২ / ০১ এপ্রিল, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. ভাইস-চ্যান্সেলর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১;
২. জেলা প্রশাসক, মাদারীপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর;
৪. জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর;
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. জনাব মাও. আ: মালেক, সাবেক অধ্যক্ষ, আল-বায়তুল মামুর ফাজিল মাদ্রাসা, শিবচর, মাদারীপুর;
৮. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

০১.০৪.২৬

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

০১.০৪.২৬